المدرسة عمر تحفيظ القرآن وكندر غارتن

# হযরত ওমর (রাঃ) তাহ্‌ফিজুল কুরআন এন্ড কিন্ডার গার্টেন মাদ্‌রাসা

# Hazrat Omar (R:) Tahfizul Quran & Kinder Garten Madrasa


পূর্ব মাদানীনগর, মুক্তিনগর, সানারপাড়, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।

০১৭২০-২৯৩৯৯৬, ০১৬৩৪-১৪৬১৬৪, ০১৯১২-৪৬৭৪২৬


পাসপোর্ট সাইজের রঙিন ছবি

## ভর্তি ফরম পুরানো / নতুন

ফরম নং-

তারিখ :

## ইল্‌মের গুরুত্ব ও ফযিলত

❖ আল্লাহ্‌ তা'আলা বলেন, নিঃসন্দেহে আল্লাহ্‌ তা'আলাকে তাঁহার ঐ সকল বান্দাগণই ভয় করেন যারা তাঁর আজমত সম্পর্কে জানেন।
–সুরা ফাতির, আয়াত ঃ ২৮

❖ হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তুমি হয়ত আলেম হও, অথবা তালেবে ইল্‌ম হও, অথবা মনোযোগ দিয়ে ইল্‌ম শ্রবণকারী হও, অথবা ইল্‌ম ও আলেমের সহিত ভালবাসা রাখ।
–তাবারানী, মুন্তাখাব হাদীস।

❖ হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যে ব্যাক্তি কুরআন শরীফ পড়ে এবং উহার উপর আমল করে তার পিতা-মাতাকে কিয়ামতের দিন এমন তাজ পরানো হবে যার আলো সূর্যের আলো হতে বেশী হবে।
–আবু দাউদ, মুন্তাখাব হাদীস।

❖ হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, একজন আলেমে দ্বীন শয়তানের উপর এক হাজার আবেদ অপেক্ষা কঠিন।
–তিরমিজী, মুন্তাখাব।

হযরত শায়খ ইদ্রিস সাহেব সন্দীপী (রহ.) -এর অমূল্য বাণী। হিফজ পড়ার জন্য চারটি শর্ত–

❑ মেধাবী হওয়া। ❑ সুস্থ হওয়া। ❑ বয়স কম হওয়া। ❑ সর্বদা উপস্থিত থাকা।

## ছাত্র ও অভিভাবকের প্রয়োজনীয় তথ্য

১। ছাত্রের নাম ঃ ------------------------------------------------ ২। বয়স ঃ ----------------

৩। পিতার নাম ঃ ------------------------------------------ মাতা ঃ ----------------------

৪। পিতার অবর্তমানে অভিঃ নাম ঃ ------------------------------------ সম্পর্ক ঃ ----------------

৫। স্থায়ী ঠিকানা ঃ গ্রাম/ মহল্লা ঃ ----------------------------- ডাকঘর ঃ ----------------------

থানা ঃ ------------------------------------------------ জেলা ঃ ----------------------------

৬। বর্তমান ঠিকানা ঃ ----------------------------------------------------------------

----------------------------------------------------------------------------------

মোবাইল (বাবা) ঃ ---------------------------------------- মা ঃ ----------------------------

৭। পূর্বে কি পড়েছে ঃ -------------------------------- ৮। বর্তমানে কি পড়বে ঃ ---------------------

## মাদ্‌রাসার কার্যক্রম (পুরানো ছাত্রদের জন্য)

১। গত বছরের পড়াশুনার সার্বিক অবস্থা ঃ ---------------------------------------------------

২। মাদ্‌রাসার নিয়ম শৃঙ্খলার প্রতি আনুগত্যের বাহ্যিক অবস্থা ঃ ---------------------------------------

৩। ক) বার্ষিক পরীক্ষার নাম্বার ও বিভাগ ঃ ---------------------------------- (খা) সফল/ব্যর্থ ঃ ------------

৪। গত বছরের লক্ষ্যমাত্রা পূর্ণ হয়েছে /হয় নাই ঃ ----------------------------------------------

৫। আগামী বছরের লক্ষমাত্রা ঃ ---------------------------------------------------------------

৬। দায়িত্বশীল শিক্ষকের মন্তব্য ঃ ------------------------------------------------------------

## মাদ্‌রাসার কার্যক্রম
(নতুন ছাত্রদের জন্য)

ভর্তি পরীক্ষার ফলাফল / অবস্থা ঃ ---------------------------- যে বিভাগের উপযোগী ঃ ----------------------

পোষাক পরিচ্ছেদ ও বাহ্যিক অবস্থা ঃ --------------------------------------------------------------

পরীক্ষকের স্বাক্ষর ঃ ---------------------------------- তারিখ ঃ ---------------------------

---

**অঙ্গীকারকারী ছাত্রের আবাসিক /অনাবাসিক সুবিধা সহ ভর্তি / পুনঃভর্তি মঞ্জুর করা হল।**

তারিখ ঃ ----------------------------

মুহতামিমের স্বাক্ষর

# ছাত্রের অঙ্গীকারনামা

আমি ------------------------------------------------------------------------------------------------ হযরত ওমর (রাঃ) তাহ্‌ফিজুল কুরআন এন্ড কিন্ডার গার্টেন মাদ্‌রাসায় ভর্তি/পুনঃভর্তি হওয়ার ইচ্ছায় অঙ্গীকার করছি যে, আমার ব্যক্তিগত উন্নতি ও প্রতিষ্ঠানের শৃঙ্খলার স্বার্থে যে কোন নিয়ম-কানুন মেনে চলতে বাধ্য থাকবো এবং নিম্নের বিষয়গুলোর প্রতি পূর্ণ খেয়াল রাখবো।

১। একমাত্র আল্লাহ্ তা'আলার সন্তুষ্টি অর্জনের উদ্দেশ্যেই আমি মাদ্‌রাসায় ভর্তি হচ্ছি।

২। লেবাস, পোষাক ও অন্যান্য ব্যবহার্য আসবাব পত্রের ব্যাপারে সবসময় বিলাসিতা বর্জন করে সাদাসিধা ভাবে চলবো এবং সুন্নত ও বুজুর্গগনের অনুসরণ করবো।

৩। কোন রাজনৈতিক দলের সাথে নিজেকে সংযুক্ত করবো না।

৪। ইল্‌মে দ্বীন অর্জনের পাশাপাশি মাদ্‌রাসার পরিবেশ সুন্দর রাখতে যে কোন ধরনের খেদমতের জন্য সদা প্রস্তুত থাকবো।

৫। পড়ালেখা বিঘ্নকারী ও মাদ্‌রাসার পরিবেশ বিনষ্টকারী কোন আসবাবপত্র কখনোই আনবো না বা মাদ্‌রাসায় রাখবো না।

৬। মাদ্‌রাসার সকল উস্তাদগণের সাথে পূর্ণ আস্থা ও ভক্তিমূলক সম্পর্ক বজায় রাখবো। মাদ্‌রাসার সকল কর্মচারীগণকে যথাযোগ্য সম্মান প্রদর্শন করবো।

৭। সকল ছাত্রদের সাথে সু-সম্পর্ক ও সমান সম্পর্ক বজায় রাখবো এবং কোন ছাত্রের সাথে বিশেষ সম্পর্ক রাখবো না। কখনও কোন ছাত্রের গায়ে হাত তুলব না। কোন ছাত্রের সাথে ঝগড়ায় লিপ্ত হবো না। কোন ছাত্রকে গালি দিব না ও কাউকে "তুই" বলে সম্বোধন করবো না।

৮। ছাত্রদের সাথে আর্থিক লেনদেন ও যে কোন ধরনের পণ্য লেনদেন করা থেকে সম্পূর্ণ বিরত থাকবো।

৯। মাদ্‌রাসার সকল আসবাবপত্র অতি যত্নের সাথে ব্যবহার করবো। কখনও আমার দ্বারা কোন আসবাবের ক্ষতি হলে উপযুক্ত ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবো।

১০। মাদ্‌রাসাতে থাকা অবস্থায় আমার যে কোন সমস্যার ব্যাপারে প্রথেমেই মাদ্‌রাসার যে কোন উস্তাদের সাথে যোগাযোগ করবো।

১১। বাড়ী/ঘরে অবস্থানকালে মাদ্‌রাসার নির্দেশিত নিয়ম অনুযায়ী চলবো, দুষ্টু ও অভদ্র ছেলেদের সাথে মেলামেশা ও খেলাধূলা করা থেকে বিরত থাকবো।

১২। দ্বীনি শিক্ষার মনমানসিকতা নষ্ট হয় এমন আসবাব (যেমন : টেলিভিশন, কম্পিউটার, মোবাইল ফোন) এর অপব্যবহার থেকে নিজেকে বাঁচিয়ে রাখবো।

১৩। লেখাপড়ায় অবহেলা করলে অথবা মাদ্‌রাসার নিয়ম-শৃঙ্খলা পরিপন্থী কোন কাজ করলে আমার তরবিয়তের জন্য যে কোন শাস্তি সন্তুষ্ট চিত্তে মিনে নিবো।

১৪। শিক্ষবর্ষের শুরুতে সারা বছরের লেখাপড়ার জন্য যে লক্ষমাত্রা নির্ধারণ করা হবে তা পূরণের জন্য যথাসাধ্য মেহনত করবো। সঠিকভাবে মেহ্নত না করলে কঠোর শাস্তির সম্মুখিন হবো।

১৫। মাদ্‌রাসার উন্নতি ও আমার ব্যক্তিগত উন্নতির জন্য প্রতিদিন কমপক্ষে দু'রাকাআ'ত সালাতুল হাজাত আদায় করবো এবং দু'আর এহ্‌তেমাম করবো। ইন-শাআল্লাহ্।

১৬। বিঃ দ্রঃ মাদ্‌রাসায় মোবাইল আনতে অথবা রাখতে পারবোনা। যদি রাখি তাহলে কর্তৃপক্ষ অফেরৎযেগ্য জমা নিয়ে নিবেন এবং আমি ও আমার পক্ষে কেউ দাবী করতে পারবোনা।

আল্লাহ্ তা'আলা আমাকে উক্ত অঙ্গীকার সমূহের উপর দৃঢ়তা নসীব করুন। আমিন

------------------------------------

**ছাত্রের স্বাক্ষর**

# অভিভাবকের অঙ্গীকারনামা

মাদ্‌রাসা কপি

তারিখ : ..........................................

আমি ................................................... আমার ................................................... কে **হযরত ওমর (রাঃ) তাহ্‌ফিজুল কুরআন এন্ড কিন্ডার গার্টেন মাদ্‌রাসায় ভর্তি করার ইচ্ছা নিয়ে এখলাছের সাথে অঙ্গীকার করছি যে, সে মাদ্‌রাসার সকল নিয়ম-কানুন মেনে চলতে বাধ্য থাকবে এবং আমি নিজেও (সন্তানের অভিভাবক হিসেবে) নিম্নে বর্ণিত বিষয়গুলো মেনে চলতে বাধ্য থাকবো।**

১। সন্তানের পড়াশুনা ও তরবিয়তের ও দিক্ষার ব্যাপারে প্রতিষ্ঠান/ শিক্ষকের যে কোন পরামর্শ ও সিদ্ধান্তকে সম্মানের সাথে মেনে নিবো।

২। আমার সন্তানের তা'লীম ও তরবিয়ত অর্থ্যাৎ শিক্ষা দীক্ষা সহ সার্বিক অবস্থা জানার জন্য তার ব্যক্তিগত শিক্ষকের সঙ্গে মাসে অন্ততঃ একবার সাক্ষাত করবো ও মাঝেমধ্যে ফোনেও যোগাযোগ রাখবো।

৩। সন্তান বাড়ী/ঘরে থাকাবস্থায় তার প্রতিদিনের পড়াশুনা, নামাজ, লেবাস পোষাক ও অন্যান্য আমলের প্রতি পূর্ণ খেয়াল রাখবো এবং এলাকার খারাপ ও দুষ্ট ছেলেদের সাথে মেলামেশা ও খেলাধুলা থেকে দূরে রাখতে চেষ্টার কোন ত্রুটি করবো না।

৪। মাদ্‌রাসার পরিবেশ ও দ্বীনি শিক্ষার জন্য ক্ষতিকর এমন কোন জিনিস (যেমন : টেলিভিশন, বিনোদন মূলক কম্পিউটার, মোবাইল ফোন ইত্যাদি) থেকে আমার সন্তানকে অবশ্যই দূরে রাখবো।

৫। ক) যে কোন ছুটি বা বন্ধের পর যথাসময়ে মাদ্‌রাসায় উপস্থিত করাবো ইনশাআল্লাহ্‌।
খ) মাদ্‌রাসা কর্তৃক নির্ধারিত ছুটি ব্যতিত অন্য কোন কারণে ছুটি চাইব না।

৬। আল্লাহ্‌ না করুন কখনও আমার সন্তান পালিয়ে গেলে বা কোন দূর্ঘটনার সম্মুখিন হলে মাদ্‌রাসা কর্তৃপক্ষকে দায়ী করবো না বা তাদের সাথে অশোভনীয় আচরণ করবো না বা তাদের বিরুদ্ধে আইনের আশ্রয় নিবো না।

৭। আমার সন্তানের ব্যক্তিগত আসবাবপত্র সেই খেয়াল রাখতে চেষ্ঠা করবে। আল্লাহ্‌ না করুন কোন জিনিস হারিয়ে গেলে বা নষ্ট হলে কর্তৃপক্ষকে দায়ী করবো না।

৮। আমার সন্তান কখনও কোন কারণে শাস্তির সম্মুখিন হলে প্রয়োজনবোধে আমার মতামত / অভিযোগ কর্তৃপক্ষকে নিয়মানুযায়ী জানাবো। সর্বাবস্থায় ছাত্রের উস্তাদ / কর্তৃপক্ষের সঙ্গে অশোভনীয় আচরণ করা থেকে বিরত থাকবো।

৯। মাদ্‌রাসা পরিবর্তনের সিদ্ধান্ত নেওয়ার আগে অবশ্যই সন্তানের শিক্ষকের সাথে পরামর্শ করবো।

১০। মাদ্‌রাসার বিভিন্ন খাতে প্রদেয় টাকা প্রত্যেক চলতি (ইংরেজী) মাসের ১০ তারিখেল মধ্যেই পরিশোধ করে দেব।

১১। মাদ্‌রাসার পক্ষ থেকে যে কোন আহবানে সাড়া দিয়ে যথাসময়ে উপস্থিত থাকবো।

১২। মাদ্‌রাসার উন্নতি ও সন্তানের উন্নতির ব্যাপারে সবসময় দু'আর এহ্‌তেমাম করবো। ইন্‌শাআল্লাহ।

১৩। আপনার সন্তানকে কখন মোবাইল ও ক্ষতিকারক কোন ডিভাইস দিবেন না। কখনো যদি আমি দেই বা আমার ছেলে আমার অজান্তে আনে বা মাদরাসায় রাখে তাহলে কর্তৃপক্ষ অফেরৎযোগ্য জমা নিয়ে নিবে এবং আমি বা আমার পক্ষে তা দাবী করতে পারবোনা।

আল্লাহ্‌ তা'আলা আমাকে উক্ত অঙ্গীকার সমূহের
উপর দৃঢ়তা নসীব করুন। আমিন

..........................................
**অভিভাবকের স্বাক্ষর**